I 5377 I 2967 5000Rs.

INDIA NON JUDICIAL

৫০০০রু. Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

5-30
23/7/07

V/C No- 273 M/T- 20.01.000/-

Fees Paid as under
I (1) ... 250=00
I (2) / E(3 ... 40=00
PTA ... 12=00
302=00

Fees Paid. 23/7/07

Additional District Sub-Registrar
BURDWAN
23/7/07
24/7/07

Certified u/s 42 (1) of I.S. Act 1899 that deficit Stamp duty Rs. 5010/- has been realised as per valuation assessed of Rs 20,01,000/- U/R 3 (8) at P. U. V. Rules 1994

Fees Paid 10388/-

A.D.S.R BURDWAN 24/7/07 2 AUG 2007

Additional District Sub-Registrar
BURDWAN

LTI OF DURGA PD. AGARWAL
BY (ANAND CHOUDHARY)
FOR, Anand Choudhary

Adminisable under rule 21 duly stamped (or exempt from or does not require stamp duty) under the Indian Stamp Act 1899
Schedule I. No. 1/33
Fees Paid Rs. 11011/-
In G. F. S.

Additional District Sub-Registrar
Burdwan

02 AUG 2007

**দানপত্র দলিল**
বর্ধমান পৌরসভার অন্তর্গত সম্পত্তি
পরিমান - ৪৩২০ বর্গফুট ও তদুপরিস্থত দ্বিতল গৃহাদি সহ
মূল্য - ১০,০০,০০০ টাকা।

10,00,000/-
5

দানপত্র গ্রহীতা ঃ **(১) দীনেশ কুমার আগরওয়াল**
**(২) রমেশ আগরওয়াল**

উভয়ের পিতা - শ্রী দুর্গা প্রসাদ আগরওয়াল, পেশা - ব্যবসা, ধর্ম্ম - হিন্দু, সাকিম - পগেয়ামহল রোড, দিঘীরপুল, পোঃ - নূতনগঞ্জ, থানা ও জেলা - বর্ধমান।

ক্রমশ... পৃঃ ২

A. D. Sharma Adv.

আইন আদালত সর্বত্র বাতিল ও না-মঞ্জুর বলিয়া গণ্য হইবে। প্রকাশ থাকে যে, নিম্ন তপশীল

L.T.I. OF DURGA PRASAD AGARWAL BY Anand Choudhary. FOR (ANAND CHOUDHARY)



দানপত্র দাতাঃ **শ্রী দুর্গাপ্রসাদ আগরওয়াল**

পিতা - স্বর্গীয় জগন্নাথ প্রসাদ আগরওয়াল, পেশা - ব্যবসা, ধর্ম্ম - হিন্দু, সাকিম - পগেয়ামহল রোড, দিঘীরপুল, পোঃ - নূতনগঞ্জ, থানা ও জেলা - বর্ধমান।

কস্য দখলীকার প্রজয়ী স্বত্ত্ব বিশিষ্ট বাস্তু শ্রেণীর সম্পত্তি সংক্রান্তে দানপত্র পত্র মিদং কার্য্যাঞ্চাগে— নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তির পূর্ব্ব মালিক জনৈক গোপাল চন্দ্র হালদার দিগর মহাশয়গণ ছিলেন, তাহারা নিম্নলিখিত তপশীল বর্ণিত সম্পত্তিতে মালিক ও দখলীকার থাকাকালীন গত ইংরাজী ০১/১০/৭৫ তারিখে সম্পাদিত ও ০৬/১০/১৯৭৫ তারিখে বর্ধমান সদর সাব - রেজিষ্ট্রি অফিসে যথাযথ রেজিষ্ট্রীকৃত ৯১২৪ নং খোস কোবালা দলিলমূলে শ্রী দুর্গাপ্রসাদ আগরওয়াল ও শ্রী গোবিন্দ প্রসাদ আগরওয়াল উভয়ের পিতা স্বর্গীয় জগন্নথ প্রসাদ অগরওয়াল'কে বিক্রয় করিয়া এবং বিক্রয়ের তারিখ হইতে নিঃস্বত্ত্ব ও দখলহীন হয়েন এবং আমরা অর্থাৎ শ্রী দুর্গাপ্রসাদ আগরওয়াল ও শ্রী গোবিন্দ প্রসাদ আগরওয়াল আমাদের নিজ নিজ নাম এল. আর. স্বত্ব লিপিতে যথাযথ ভাবে নথিভুক্ত করিয়াছি। পশ্চাৎ শ্রী গোবিন্দ প্রসাদ আগরওয়াল তাঁর ।।. অংশ আমাকে অর্থাৎ অত্র দলিলের দাতাকে ২৩/০৬/২০০৫ তারিখে সম্পাদিত ও বর্ধমান সদর সাব-রেজিষ্ট্রী অফিসে যথাযথ রেজিষ্ট্রীকৃত ৪১৫৬ নং দানপত্র দলিল মূলে আমাকে দান করেন এবং দানের তারিখ হইতে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে নিঃস্বত্ত্ব ও দখলহীন হয়েন। অতঃপর আমি অত্র দলিলের দাতা নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে মালিক ও দখলীকার হইয়া অপরের বিনা বাধায় বিনা সংস্রবে এক স্বাধীন উৎকৃষ্ট স্বত্ত্ব অর্জন করিয়া অদ্যতক ভোগদখল করিয়া আসিতেছি। বর্তমানে আমার দুই পুত্র সন্তান ও তিন কন্যাসন্তান রহিয়াছে। কন্যা সন্তানদের আমি সাধ্য মত সুপাত্রে বিবাহ দিয়াছি এবং তারা সুখে শান্তিতে সংসার করিতেছে। এবং পুত্রগণ নিজ নিজ ব্যবসায় সুপ্রতিষ্ঠিত। তোমরা দানপত্র গ্রহীতাগণ আমার পুত্র হইতেছ। তোমরা আমাকে যথেষ্ঠ ভক্তি শ্রদ্ধা কর এবং আমার সমস্ত বিষয়ে দেখাশোনা কর, আমি তোমাদিগকে যথেষ্ট স্নেহ করি বিধায় স্নেহের নিদর্শন স্বরূপ নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি তোমাদিগকে দান করিতে ইচ্ছা প্রকাশ করিলে এবং তোমরা তাহা সানন্দে গ্রহণ করিতে সম্মত হইলে তোমাদের নাম বরাবর নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি সম্বন্ধে অত্র দানপত্র দলিলে স্বেচ্ছায় সহি সম্পাদন করিয়া দিয়া স্বীকার, অঙ্গীকার ও প্রচার করিতেছি যে — নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার স্বত্ব দখল, দখলাধিকার হক্ ও হকুকাদি যাহা কিছু ছিল তাহা অদ্য হইতে ধ্বংসপ্রাপ্ত ও লুপ্ত হইয়া তোমাদিগতে বর্তিল। অতঃপর তোমরা নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে মালিক, দখলিকার ও স্বত্ববান হইয়া তপশীল বর্ণিত সম্পত্তিতে মায় ওয়ারিশন স্থলাভিষিক্তকারীগণক্রমে দান, বিনিময়, বিক্রয়, পরিবর্তন ও পরিবর্ধন ইত্যাদি যাবতীয় হস্তান্তর ও দায়বদ্ধ করিবার ক্ষমতা প্রযুক্তে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তির স্বাত্বাধিকারী, মালিক ও দখলীকার হইতেছ তাহাতে আমার মায় ওয়ারিশান স্থালাভিষিক্তকারীগণক্রমে কোনরূপ ওজর আপত্য করিতে পারিব/পারিবে না, করিলে তাহা আইন আদালত সর্বত্র বাতিল ও না-মঞ্জুর বলিয়া গণ্য হইবে। প্রকাশ থাকে যে, নিম্ন তপশীল

ক্রমশঃ

L.T.I OF DURGA PRASAD AGA
BY Anand Choudhary.
FOR, (ANAND CHOUDHARY)



বর্ণিত সম্পত্তি আমি ইতিপূর্বে কাহাকেও কোনরূপ হস্তান্তর বা দায়বদ্ধ করি নাই অর্থাৎ তাহা সম্পূর্ণ নির্দোষ ও নিদ্দায় অবস্থায় আছে। যদি ভবিষ্যতে কোন স্বত্বদোষ বা দখলদোষ দেখা দেয় তবে আমি তা সংশোধন করিয়া দিতে বাধ্য রহিলাম। তোমরা অতঃপর নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তির খাজনাদি এবং মিউনিসিপ্যাল ট্যাক্সাদি যথাক্রমে বি.এল. এ্যান্ড এল.আর.ও., বর্ধমান সদর মহোদয়কে ও বর্ধমান মিউনিসিপ্যালিটিতে আমার নাম খারিজ মতে তোমাদের নাম পত্তন মতে আদায় দিতে পারিবে তাহাতে আমার পূর্ণ সম্মতি রহিল। দানকৃত সম্পত্তির বর্তমান বাজার অনুপাতে সর্ব্বোচ্চ মূল্য ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা হইতেছে।

দানপত্রদাতার পাসপোর্ট সাইজের ফটো ও প্রত্যয়িত দশ আঙ্গুলের ছাপ দাখিল হইল যাহা অত্র দলিলের একাংশ হিসাবে গণ্য হইবে।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে স্বতঃস্ফূর্ত ভাবে সুস্থ চিত্তে অপরের বিনা বাচনিক প্ররোচনায় বিনা জবরদস্তিতে তোমাদের নাম বরাবর স্বেচ্ছায় ও স্বতঃপ্রনোদিত ভাবে অত্র দানপত্র দলিলে সহি সম্পাদন করিয়া দিলাম। নিবেদন ইতি, তাং বাংলা ৬ই শ্রাবণ ১৪১৪, ইংরাজী ২৩/০৭/২০০৭।

## :: তপশীল ::

থানা ও জেলা - বর্ধমান, বর্ধমান পৌরসভার অন্তর্গত সম্পত্তি, সামিল মৌজা - বর্ধমান, জে.এল.নং - ৩০, আর.এস.খতিয়ান নং - ৩৪৩২ (তিনহাজার চারশত বত্রিশ), আর.এস. দাগ নং ২৮৯৭ ( দুই হাজার আটশত সাতানব্বই), এল.আর.খতিয়ান- ৭৯৮৫ (সাত হাজার নয়শত পঁচাশি) এবং ৮৮২২ (আট হাজার আটশত বাইশ), এল.আর.দাগ নং- ২৩০৫ (দুই হাজার তিনশত পাঁচ), শ্রেনী - বাস্তু , পরিমাণ - ষোল আনায় ১১ শতক মধ্যে ১০ (দশ) শতক বা ৬ (ছয়) কাঠা সমান ৪৩২০ (চার হাজার তিনশত কুড়ি) বর্গফুট সম্পত্তি ও তদুপরিস্থিত দ্বিতল গৃহাদি যহার একতলায় বারান্দা সহ দুটি বেডরুম, ডাইনিং, রান্নাঘর, বাথরুম ও পায়খানা সহ যাহার পরিমাণ- ১০৮১ (এক হাজার একাশি) বর্গফুট ও দ্বিতলে বারান্দা সহ তিনটি বেডরুম, ডাইনিং, রান্নাঘর, বাথরুম ও পায়খানা, সহ যাহার পরিমাণ- ১৪১৪ (এক হাজার চারশত চোদ্দ) বর্গফুট এবং চিলেকোঠা যাহার পরিমাণ- ৭৩২ (সাতশত বত্রিশ) বর্গফুট, একলপ্তে- মোট আচ্ছাদিত অংশের পরিমাণ- ৩২২৭ (তিন হাজার দুইশত সাতাশ) বর্গফুট এবং দক্ষিণ দিকে প্রাচীর সহ ফাঁকা জায়গার পরিমাণ- ৩২৩৯ (তিন হাজার দুইশত উনচল্লিশ) বর্গফুট সম্পত্তি তোমাদিগকে দান করিলাম। দানকৃত সম্পত্তির মূল্য - ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা।

প্রকাশ থাকে যে উক্ত দ্বিতল গৃহাদি ১৯৭৭ সালে নির্ম্মিত হইয়াছে।

ক্রমশ... পৃঃ ৪

L.T.I. OF DURGA PRASAD AGARWA
BY Anand Choudhary.
FOR, (ANAND CHOUDHARY)



চৌহদ্দি ঃ —

| | |
|---|---|
| উত্তরে - | পগেয়া মহল রোড |
| দক্ষিণে- | দানকৃত দাগের অবশিষ্ট ফাঁকা জায়গা |
| পূর্ব্বে- | রাধেশ্যাম হালদারের বসত বাটী |
| পশ্চিমে- | বিশ্ববন্ধু দে-এর বসত বাটী |

জমিদার পশ্চিমবঙ্গ সরকার পক্ষে বি.এল.এ্যান্ডএল.আর.ও., বর্ধমান সদর মহোদয়কে খাজনা ধার্য্য মতে আদায় দিবেন।

ইসাদি —

১) Anand Choudhary.
(ANAND CHOUDHARY)
S/o. LT. BADRI PD. CHOUDHARY
NO. 3, BHAWANI THAKUR LANE,
PO+DT:- BURDWAN-713104
(W.B)

২) Sangeeta Agarwal
W/o Dinesh Kumar Agarwal
Dighirpul. Nutanganj
Burdwan. 713102
(W.B)

আমার দ্বারা মুসাবিদা করা হইল ঃ—
Nazrul Islam Mallick.
Adv.
(নজরুল ইসলাম মল্লিক)
কৌসুলী
এনরোলমেন্ট নং - এফ ৮৯৮/৮১৪ অফ ২০০১.

কম্পিউটারাইজড টাইপকারক ঃ—
(শ্রী সন্দীপ রায়)
কোর্ট কম্পাউন্ড (দঃ), বর্ধমান

দানপত্র দাতা ঃ — শ্রী দুর্গাপ্রসাদ আগরওয়াল - এর বাম ও ডান হস্তের মোট দশ অঙ্গুলীর ছাপ ও সহি —

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | কনিষ্ঠা | অনামিকা | মধ্যমা | তর্জনী | বৃদ্ধাঙ্গুষ্ঠ |
| বাম হস্তের পাঁচ অঙ্গুলীর ছাপ | | | | | |
| | বৃদ্ধাঙ্গুষ্ঠ | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
| ডান হস্তের পাঁচ অঙ্গুলীর ছাপ | | | | | |



L.T.I. OF DURGA PRASAD AGARWAL
FOR, ANAND CHOUDHARY.

দানপত্র দাতার সহি ঃ



L.T.I. OF DURGA PRASAD CHOUDHARY
BY Anand Choudhary.
~~FOR~~, (ANAND CHOUDHARY)

MN/4424/12

0.05/4548

Dinesh kr Agarwal – .0500/4546

Additional District Sub-Registrar
Burdwan

23/7/07
24/7/07

Additional District Sub-Registrar
Burdwan

11 APR 2012

Book No. I
Vol No. 121
Pages 39 to 43
Being No. 2967
for the year 2007